

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০০২.১৯-৬৮৯

তারিখঃ ১৬ পৌষ ১৪২৬
৩১ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ সিনিয়র সহকারী জজ আদালত, নোয়াখালীতে দেওয়ানী মোকদ্দমা নং-৩২৫/১৭ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন মুহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা এর এডহক কমিটির তালিকা অনুমোদনের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তিক্রমে TMED কে অবহিতকরণ।

সূত্রঃ মুহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বেগমগঞ্জ, নোয়াখালী এর স্মারক নং-EIIN:107250/Code No:19977/অভিযোগ, তারিখ: ৩০.১১.১৭ খ্রি.।


উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদরাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্তে ছাত্র অভিভাবক তালিকায় বৈধ অভিভাবকের নাম বাদ পড়ায় জনাব আবুল কালাম, পিতা-মৃত আবদুল সামাদ গং কর্তৃক সিনিয়র সহকারী জজ আদালত, নোয়াখালীতে দেওয়ানী নং-৩২৫/২০১৭ দায়ের করা হয়।

০২। উক্ত মামলা চলমান থাকায় ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি প্রবিধানমালা, ২০০৯ এর ৩৯(১) অনুসারে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি অনুমোদনের জন্য চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে নির্দেশনা দেয়ার জন্য সচিব, টিএমইডি বরাবর আবেদন করা হয়।

০৩। উল্লেখ্য, প্রতিষ্ঠানের কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক সম্পাদিত হয়ে থাকে বিধায় উক্ত আবেদনের বিষয়বস্তু মহোদয় কর্তৃক নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, মুহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বেগমগঞ্জ, নোয়াখালী হতে প্রাপ্ত আবেদনপত্রের ছায়ািলিপি প্রেরণপূর্বক আবেদনে বর্ণিত এডহক কমিটির বিষয়ে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি প্রবিধানমালা, ২০০৯ এর ৩৯(১) মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ১৫.০১.২০ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩০.১১.১৯ তারিখের আবেদনসহ অন্যান্য কাগজপত্র-১১ ফর্দ।


(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাস্টার কপি/অফিস কপি।